হারাগাছ সরকারি কলেজ

# আন্দোলনরতদের ওপর ছাত্রলীগের হামলা অধ্যক্ষ লাঞ্ছিত, আহত ১০

**রংপুর অফিস** ৩০ এপ্রিল, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ২ মিনিটে

Share 10

অ- অ অ+

রংপুরের কাউনিয়া উপজেলাধীন হারাগাছ সরকারি কলেজে সরকারি নিয়মে ভর্তি, বেতন ও পরীক্ষার ফি নেওয়ার দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলা চালিয়েছে কলেজ ছাত্রলীগের নেতাকর্মীরা। এ সময় অধ্যক্ষ লাঞ্ছিতসহ আহত হয়েছেন ১০ শিক্ষার্থী। গতকাল সোমবার এ ঘটনা ঘটে।

আন্দোলনরত শিক্ষার্থীরা জানায়, সরকারি হওয়ার পরও হারাগাছ সরকারি কলেজে বেসরকারি নিয়মে ভর্তি, বেতন, পরীক্ষার ফিসহ অন্যান্য ফি নেওয়া হচ্ছে। এর প্রতিবাদে আন্দোলনে নামে শিক্ষার্থীরা। তারা সরকারি প্রতিষ্ঠানে সরকারি নিয়মে বিভিন্ন ফি নেওয়ার দাবি জানিয়ে আসছিল। গতকাল সকালে দাবি আদায়ে কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল শেষে শহীদ মিনার চত্বরে সমাবেশ করছিল শিক্ষার্থীরা। সকাল সাড়ে ১১টার দিকে অধ্যক্ষ আব্দুস ছাত্তার দাবিদাওয়া মেনে নেওয়ার ঘোষণা দিলে আন্দোলনরত শিক্ষার্থীরা উল্লাসে মেতে ওঠে।

এ সময় হঠাৎ করে কলেজ ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন, সিনিয়র সহসভাপতি শারাফাত হোসেন সোহাগ, যুগ্ম সাধারণ সম্পাদক আল মাহমুদ আকাশ, জালালুর রহমান বিজয়সহ ছাত্রলীগের ১০-১২ জন নেতাকর্মী সাধারণ শিক্ষার্থীদের ওপর হামলা চালায়। এতে অন্তত ১০ জন আহত হয়।

আন্দোলনরত শিক্ষার্থীদের সমন্বয়ক আলী আহসান, হিসাববিজ্ঞানের দ্বিতীয় বর্ষের ছাত্র ইমরান কবির, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রথম বর্ষের ছাত্র ইমতিয়াজ আহম্মেদকে ছাত্রলীগের নেতাকর্মীরা বেধড়ক মারতে থাকলে তাঁরা অধ্যক্ষের কক্ষে গিয়ে আশ্রয় নেন। এ সময় ছাত্রলীগ নেতাদের বাধা দিতে গেলে কলেজের অধ্যক্ষও তাদের হাতে লাঞ্ছিত হন।

আন্দোলনকারীরা সাধারণ শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিতসহ হামলাকারীদের কলেজ থেকে বহিষ্কারের দাবি জানিয়েছে।

তবে বিষয়টি অস্বীকার করে কলেজ ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন বলেন, ‘সমাবেশের ব্যানার কেন তৈরি করা হলো তা নিয়ে আমরা আন্দোলনকারীদের প্রশ্ন করেছিলাম। কিন্তু এ নিয়ে সাধারণ ছাত্র-ছাত্রীরা নিজেদের মধ্যে হাতাহাতি করেছে। এ সময় অধ্যক্ষও আঘাতপ্রাপ্ত হয়েছেন। ছাত্রলীগ ওই হামলার সঙ্গে জড়িত নয়।’

অধ্যক্ষ আব্দুস ছাত্তার বলেন, ‘ছাত্রলীগের নেতাকর্মীরা আন্দোলনকারীদের ওপর হামলা চালায়। এ সময় আমি তাদের বাধা দিতে গিয়ে আঘাত পেয়েছি। এ ব্যাপারে স্টাফ কাউন্সিলের বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হবে।’

রংপুর মেট্রোপলিটন পুলিশের হারাগাছ থানার পরিদর্শক (তদন্ত) রাজিফুজ্জামান বসুনিয়া জানান, আন্দোলনরত শিক্ষার্থীরা উল্লাস শুরু করলে সেখানে ছাত্রলীগের নেতাকর্মীদের সঙ্গে হাতাহাতি হয়েছে।

মন্তব্য

**0 Comments** Sort by Newest

Add a comment...

Facebook Comments Plugin

Like Share 10 টুইট





'প্লিজ গুগল, বাবাকে একদিন ছুটি দাও' | কালের কণ্ঠ


দিনে ৩৬ টি ডিম, ৫ কেজি মাংস ও ৫ লিটার দুধ লাগে তার


বিয়ে ছাড়াই মা হলেন জিৎ-এর সাবেক প্রেমিকা


'দেখা হওয়ার ২০ দিনের মধ্যে বিয়ে করি আমরা' |...


শরীরের এই পাঁচ জায়গায় চুম্বনে বোঝা যায় প্রেম...

সরকারি চাকুরেদের আরো সুবিধা | কালের কণ্ঠ


পর্দার ভিলেন, বাস্তবের নায়ক নিরঞ্জন


তর
টা(
বছ

ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)

ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)

## You May Like

(http://tops.easyvoyage.co.uk/most-beautiful-women/?utm_source=taboola&utm_campaign=desktop-beautiful-women-ww&utm_medium=cpc&utm_content=eastwestmedia-kalerkantho)

### [Photos] The 30 most beautiful women in the world

**Easyvoyage**

(http://tops.easyvoyage.co.uk/most-beautiful-women/?utm_source=taboola&utm_campaign=desktop-beautiful-women-ww&utm_medium=cpc&utm_content=eastwestmedia-kalerkantho)
(https://foodeliciouz.com/celebrities-and-their-historical-doppelgangers/?utm_source=taboola&utm_medium=eastwestmedia-kalerkantho&utm_campaign=2123728&utm_content=1159850&utm_term=fdz_eng3_hisdop_dsk_220419)

### 16 People from History Who Look Exactly Like Today's Celebrities

**Foodeliciouz**

(https://foodeliciouz.com/celebrities-and-their-historical-doppelgangers/?utm_source=taboola&utm_medium=eastwestmedia-kalerkantho&utm_campaign=2123728&utm_content=1159850&utm_term=fdz_eng3_hisdop_dsk_220419)
(https://www.tips-and-tricks.co/lifehacks/boiling-water-car/?utm_campaign=CHRYcardamageWW&utm_source=Taboola&utm_medium=native&utm_term=eastwestmedia-kalerkantho)

## Garages don’t want you to know about this amazing trick with boiling water

**Tips and Tricks**

(https://www.tips-and-tricks.co/lifehacks/boiling-water-car/?utm_campaign=CHRYcardamageWW&utm_source=Taboola&utm_medium=native&utm_term=eastwestmedia-kalerkantho)
(http://hhdresearch.org/7-drinks-to-clean-your-kidneys/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=353b_hhd_7drinkscleankidneys_world&utm_content=210131562)

## Here's How to Detoxify Your Kidneys

**Health & Human Research**

(http://hhdresearch.org/7-drinks-to-clean-your-kidneys/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=353b_hhd_7drinkscleankidneys_world&utm_content=210131562)
(http://www.nutritionexp.com/stay-away-from-these-11-deadly-foods-that-could-cause-cancer/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=043_nut_11deadlycancerfoods_world&utm_content=167731782)

## 11 Cancer Causing Foods You Should Avoid

**Nutrition Expert**

(http://www.nutritionexp.com/stay-away-from-these-11-deadly-foods-that-could-cause-cancer/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=043_nut_11deadlycancerfoods_world&utm_content=167731782)
(http://www.foodprevent.com/whatll-happen-to-you-if-you-start-eating-3-eggs-a-day/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=198_FP_3eggs_t4_all&utm_content=126919681)

## What Will Happen to Your Body If You Start Eating 3 Eggs Every Day?

**Food Prevent**

(http://www.foodprevent.com/whatll-happen-to-you-if-you-start-eating-3-eggs-a-day/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=198_FP_3eggs_t4_all&utm_content=126919681)
(http://www.bestbikes.in/top-10-most-expensive-cars-available-in-the-world.html?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=472_BB_Expensive_Cars_T4_all&utm_content=170551454)

## Top 10 Most Expensive Cars Available in the World

**Best Bikes**

(http://www.bestbikes.in/top-10-most-expensive-cars-available-in-the-world.html?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=472_BB_Expensive_Cars_T4_all&utm_content=170551454)
(http://www.fitnessengage.com/11-best-exercises-for-killer-abs/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=292_fit_11bestexerciseskillerabs_world&utm_content=168210545)

## 11 Best Ab Workouts For A Six-Pack

**Fitness Engage**

(http://www.fitnessengage.com/11-best-exercises-for-killer-abs/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=292_fit_11bestexerciseskillerabs_world&utm_content=168210545)

সম্পাদক : ইমদাদুল হক মিলন, নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল, ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ থেকে মুদ্রিত। পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন : ৮৪৩২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৪৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com

Copyright © 2015-2019 kalerkantho.com